

সিডনিতে ডা. শাহনাজ পারভীনের গানের সিডি'র মোড়ক উন্মোচন

সপ্তাহান্তের শেষ দিন। আবহাওয়ার পূর্বাভাসকে সত্যি করে বিকেল থেকে বৃষ্টিও নেমেছিল। তবে তা আগ্রহী দর্শকদের আসা থেকে বিরত রাখতে পারেনি। বরং বৃষ্টিভেজা বিষণ্ণ ২৫ ফেব্রুয়ারীর সেই সন্ধ্যাটি হয়ে উঠেছিল রবীন্দ্রসঙ্গীতের জন্য একেবারে আদর্শ। সেই সন্ধ্যার উপলক্ষ্য ছিল সিডনির নিভৃতচারী শিল্পী, চিকিৎসক ডা. শাহনাজ পারভীনের রবীন্দ্রসঙ্গীতের সিডি'র মোড়ক উন্মোচন। সম্প্রতি বাংলাদেশে জি সিরিজের প্রযোজনায় শাহনাজের গাওয়া দশটি রবীন্দ্রসঙ্গীত নিয়ে 'আমার সকল ভালবাসা' শীর্ষক একটি সিডি প্রকাশিত হয়েছে। এবার সিডনিতেও আনুষ্ঠানিকভাবে শাহনাজের সিডিটি মোড়ক উন্মোচন করা হল।

মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অন্যতম শিল্পী মুক্তিযোদ্ধা আপেল মাহমুদ। কবি আবুল হাসনাৎ মিল্টনের প্রাণবন্ত উপস্থাপনায় অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন ডা. রশীদ আহমেদ। তিনি তার বক্তব্যে সিডি প্রকাশের আদ্যোপান্ত তুলে ধরে এর সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এছাড়া আরো বক্তব্য রাখেন ডা. জেসি চৌধুরী, ডা. শরীফ দৌলা, প্রধান অতিথি শিল্পী আপেল মাহমুদ ও শিল্পী ডা. শাহনাজ পারভীন। আলোচনার পরে শিল্পী শাহনাজ পারভীন একাধিক রবীন্দ্রসঙ্গীত পরিবেশন করেন। সবশেষে দর্শকদের বিশেষ অনুরোধে শিল্পী আপেল মাহমুদও একাধিক সঙ্গীত পরিবেশন করেন। অনুষ্ঠানে শব্দ নিয়ন্ত্রণের দায়িত্ব পালন করেন নাদিম এবং আলোকসজ্জায় ছিলেন ডা. রাণা শাহরিয়ার। অনুষ্ঠান শেষে সবাইকে নৈশভোজে আপ্যায়িত করা হয়।

CDs available in Sydney and Dhaka :

Contacts in Sydney to get CD :

1. Dr Rashid Ahmed, Phone : 0406982502
2. Bangladesh Palace, 48 Railway Parade, Lakemba, NSW 2195, Ph. (02) 9758 3298

In following stalls CD's available in Dhaka :

1. "Geetanjoly" : 82/1-2 Laboratory Road, 73 New Elephant Road, shop no. 5, 6, 7 level 6, Bashudhara City shopping centre, Panthapath, 1 Rafin Plaza, Nilkhet, Dhaka, Ph +88029668968

Please listen to the album from here in youtube:

[Amar Sokol Bhalobasha | by Shahnaz Perveen | Tagore Songs | Full Album | Audio Jukebox](#)

















